

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৫, ২০১৫

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ, ১৪ কার্তিক ১৪২১ বঙ্গাব্দ/২৯ অক্টোবর ২০১৪ খ্রিস্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৪১.৪১.০০১.৯৩(অংশ-২).২০৬—১০ (দশ) ও ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ড এর বিক্রয়/বিনিময়/লেন-দেন সংক্রান্ত সকল কার্যক্রম আগামী ৩১ জানুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হতে চূড়ান্তভাবে বন্ধকরণসহ অচল ঘোষণা করা হ'ল।

২। আগামী ৩১ জানুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ এর পূর্বে অর্থাৎ ৩০ জানুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত সময়ে ১০ (দশ) ও ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ড নগদায়ন অথবা সমমূল্যের ১০০ (একশত) টাকা মূল্যমানের প্রাইজবন্ড বিনিময় করা যাবে। উক্ত তারিখের পরে ১০ (দশ) ও ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ড নগদায়ন অথবা বিনিময়ের আর কোন দাবী গ্রহণযোগ্য হবে না।

৩। নির্ধারিত সময়ের মধ্যে নগদায়নকৃত/বিনিময়কৃত ১০ (দশ) ও ৫০ (পঞ্চাশ) টাকার প্রাইজবন্ডগুলো তফসিলি ব্যাংক/জিপিও এর নিকট হতে আগামী ২৬-০২-২০১৫ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক বা তার শাখাসমূহ গ্রহণ করবে এবং আগামী ৩১-০৩-২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক/জিপিওকে তাদের নগদায়ন/বিনিময়কৃত ১০ (দশ) ও ৫০ (পঞ্চাশ) টাকার প্রাইজবন্ডের বিনিময় মূল্য বাংলাদেশ ব্যাংক প্রচলিত নিয়মে পরিশোধ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিকাশ চন্দ্র সিকদার
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৯৬৭)

মূল্য : টাকা ৪.০০